গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিভিল রেজিস্ট্রেশন অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়: সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ সামসুল আরেফিন, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
সময় : ১০ জানুয়ারি ২০২৩ দুপুর ১২:০০ ঘটিকা।
স্থান : মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-১০০৫, সরকারি পরিবহন পুল ভবন)।

**সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, বাংলাদেশ সিআরভিএস-এর সকল কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সমন্বয় করা হয় যেখানে বিভিন্ন দপ্তর সংস্থা কর্তৃক সিআরভিএস-এর বিভিন্ন উপাদান বাস্তবায়ন করা হয়। সিআরভিএস-এর কর্মকান্ড বাস্তবায়নে বিভিন্ন বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ আরও আন্তরিকতার সঙ্গে কাজ করবেন মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়)-কে সভাপতি অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (সমন্বয়) গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ আলোচ্যসূচি অনুসারে উপস্থাপনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব সিআরভিএস অধিশাখাকে অনুরোধ করেন।

০২। উপসচিব (সিআরভিএস) তার উপস্থাপনায় উল্লেখ করেন যে, গত ১৫ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী গত ০৭ ডিসেম্বর ২০২২ তারিখে সদস্যগণ বরাবর প্রেরণ করা হয়েছে। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন এবং পরিমার্জন থাকলে তা জানানোর জন্য উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানান। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত: ২.১।** সিআরভিএস বাস্তবায়ন কমিটির গত ১৫ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**০৩। আলোচ্যসূচি-০২: সিআরভিএস সংক্রান্ত বাস্তবায়ন কমিটির গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১। | **সিদ্ধান্ত ৫.১:** আগামী এক মাসের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ও বিধিমালা সংশোধনের সুপারিশসমূহ চূড়ান্ত করে অনুমোদনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে প্রেরণের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | **৫:১**। রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্তৃক জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন-২০০৪ (সংশোধিত ২০১৩)-এর প্রস্তাবিত সংশোধনের খসড়া ০৪ ডিসেম্বর ২০২২ তারিখে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত আইনের খসড়া সংশোধিত আকারে পাস হলে সেই আলোকে বিধিমালার কাজ এগিয়ে নেওয়া হবে। |
| ২। | **সিদ্ধান্ত ৫.২:** BDRIS সিস্টেম হতে স্থানীয় জন্ম ও মৃত্যু নিবন্ধক এবং নিবন্ধক সহকারীদের অনুকূলে প্রদানকৃত আইডি ও পাসওয়ার্ড অপব্যবহারকারীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | **৫.২:** রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের BDRIS-এর ইউজার হিসাবে কর্মরত উপপরিচালক, স্থানীয় সরকার, উপজেলা নির্বাহী অফিসার, নিবন্ধক ও নিবন্ধন সহকারীদেরকে প্রদানকৃত পাসওয়ার্ড অপব্যবহার হচ্ছে কিনা সে বিষয়ে যথাযথ মনিটরিং ও তদন্তপূর্বক চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতকরণ এবং এ কার্যালয়কে তা অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করে গত ১০/১১/২০২২ তারিখে সকল জেলা প্রশাসক-কে পত্র প্রেরণ করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| ৩। | **সিদ্ধান্ত ৫.৩:** জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত Training Manual দ্রুত চূড়ান্ত করে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে মাস্টার ট্রেইনার পুল তৈরিসহ সকল পর্যায়ের নিবন্ধন সহকারী এবং নিবন্ধন অফিসকে প্রশিক্ষণের আওতায় আনার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় যৌথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | **৫.৩:** রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্তৃক বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন পরিষদ, সিটি কর্পোরেশন, পৌরসভাসহ বিভিন্ন পর্যায়ের জন্ম ও মৃত্যু নিবন্ধক ও নিবন্ধন সহকারী এবং তদসংশ্লিষ্ট কর্মচারীদেরকে নিয়মিতভাবে বর্ণিত প্রশিক্ষণ প্রদান করে আসছে। |
| ৪। | **সিদ্ধান্ত ৫.৪:** BDRIS সিস্টেমের নিরাপত্তা জোরদারকরণের অংশ হিসাবে এর ব্যবহারকারীর ডিভাইস লক করার নিমিত্ত ডিজিটাল স্বাক্ষর ইস্যু করার বিষয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় যৌথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | **৫.৪।** BDRIS সিস্টেমের নিরাপত্তা জোরদারকরণের অংশ হিসাবে এর সকল ব্যবহারকারীর ডিভাইস লক করা হবে। BDRIS সিস্টেমের পাসওয়ার্ড হ্যাক প্রতিরোধ করার জন্য প্রাথমিকভাবে জেলা ও উপজেলার ইউজারদের (সংশোধন কর্তৃপক্ষ) ফিঙ্গারপ্রিন্ট প্রদানের মাধ্যমে BDRIS সিস্টেমে লগ ইন করার ব্যবস্থা করা হবে। পরবর্তীতে ডিজিটাল স্বাক্ষর ইস্যু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ৫। | **সিদ্ধান্ত ৫.৫:** BDRIS সিস্টেমে জন্ম ও মৃত্যু নিবন্ধনের Duplication প্রতিরোধ করাসহ এর কারিগরি ত্রুটি দূরীকরণের লক্ষ্যে আগামী ১৫ দিনের মধ্যে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করবে:<br>**(ক):** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের টেকনিক্যাল টিম, সুরক্ষা টিম, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের টেস্টিং প্রতিনিধি, রেজিস্ট্রার জেনারেল কার্যালয়ের টেকনিক্যাল টিম, মি: সাব্বির মাহবুব, আইটি কনসালট্যান্ট এবং স্বাস্থ্য অধিদপ্তরের আইটি কনসালট্যান্ট আসিফ আতিক-এর সমন্বয়ে সভা আয়োজন।<br>**(খ):** ব্যানবেইস, ডিপিই এবং এনআইডির সিস্টেমগুলোকে বাধাগ্রস্থ না করে BDRIS সিস্টেমটিকে আপডেট করবে। | **৫.৫।** সভায় রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন জানান যে আগামী সপ্তাহের মধ্যে সভাটি আয়োজন করা হবে। |
| ৬। | **সিদ্ধান্ত ৫:৬:** ইউনিক আইডি প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রার জেনারেল কার্যালয় এবং জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করবে:<br>(ক): বাবা-মায়ের এনআইডির তথ্য এনআইডি সিস্টেম থেকে synchronization-এর মাধ্যমে BDRIS সিস্টেমে সংরক্ষণ করবে।<br>**(খ):** BDRIS সিস্টেমের Request-এর পরিপ্রেক্ষিতে এনআইডি সিস্টেম থেকে ইউনিক আইডি প্রদানের সময় উক্ত ব্যক্তি/শিশু জন্মের তথ্য BDRIS সিস্টেম থেকে synchronization-এর মাধ্যমে এনআইডি সিস্টেমে সংরক্ষণ করবে। | **৫.৬।** রেজিস্ট্রার জেনারেল কার্যালয় এবং এনআইডি উইং-এর টেকনিক্যাল টিমের সঙ্গে সভা আয়োজন করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে সভায় জানানো হয়। |
| ৭। | **সিদ্ধান্ত ৫.৭:** বাংলা ও ইংরেজি উভয় ভাষায় জন্ম-মৃত্যু নিবন্ধন সনদ প্রদান নিশ্চিত করতে এবং ইতোমধ্যে যে সকল ক্ষেত্রে একটি ভাষায় শুদ্ধ সনদ প্রদান করা হয়েছে সে সকল ক্ষেত্রে অপর ভাষায় সনদ প্রাপ্তি সহজলভ্য করতে রেজিস্ট্রার, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় একটি অফিস আদেশ জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | **৫.৭।** সভায় রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন জানান যে বর্ণিত বিষয়ে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা হবে। |

| | | |
|---|---|---|
| ৮। | **সিদ্ধান্ত ৫.৮:** স্বাস্থ্যের সাথে Health CR Link স্থাপনের নিমিত্ত আগামী এক সপ্তাহের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তর এবং রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকটি চূড়ান্তকরণের বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর এবং রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | **৫.৮:**_ গত ১১/১২/২০২২ তারিখে DG health-এর সাথে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। জন্ম ও মৃত্যু নিবন্ধনের লাইভ সার্ভারের Access Credential ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। |
| ৯। | **সিদ্ধান্ত ৫.৯:** সিআরভিএস সংক্রান্ত বাস্তবায়ন কমিটির সভাটি দুই মাসের ব্যবধানে আয়োজনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | **৫.৯।** সিআরভিএস সংক্রান্ত বাস্তবায়ন কমিটির সভাটি দুই মাস অন্তর অন্তর আয়োজন করা হচ্ছে। |
| ১০। | **সিদ্ধান্ত ৫.১০:** UNESCAP-এর লক্ষ্য এবং টার্গেটসমূহের অর্জন নিয়মিত মনিটরিং করার নিমিত্ত নির্ধারিত ছকে প্রতি দুইমাস অন্তর প্রয়োজনীয় তথ্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে সিআরভিএস সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | **৫.১০।** নির্ধারিত ছকে দপ্তর/সংস্থার নিকট হতে প্রতিবেদন চাওয়া হচ্ছে। |

**০৪। আলোচ্যসূচি-০৩। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সিআরভিএস সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত আলোচনা:**

রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যলয়ের মাধ্যমে এপর্যন্ত যত সংখ্যক ইউনিক আইডি ব্যক্তির জন্ম নিবন্ধনে ব্যবহার করা হয়েছে এবং প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থীদের প্রদান করা হয়েছে তাদের সকলের জন্মের তথ্য BDRIS সিস্টেম থেকে Application Programming Interface (API) অথবা অন্য কোন ফরমেটে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের এনআইডি সিস্টেমে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। একইভাবে এনআইডি সিস্টেম থেকে প্রাপ্ত ব্যক্তি/শিশু/শিক্ষার্থীদের বাবা-মায়ের এনআইডি নম্বরসহ অন্যান্য তথ্য API অথবা অন্য কোন ফরমেটে BDRIS সিস্টেমে সংরক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এখন থেকে নতুন ইউনিক আইডি নেওয়ার সময় অবশ্যই ব্যক্তি/শিশু/শিক্ষার্থীদের Birth Registration Number (BRN) API-এর মাধ্যমে এনআইডি সিস্টেমে প্রেরণ করতে হবে মর্মে সভায় গুরুত্বারোপ করা হয়।

এনআইডি সিস্টেমে নাগরিকের এনআইডি/ইউনিক আইডি এর সঙ্গে যাদের BRN সংরক্ষিত আছে তাদের BRN-সহ অন্যান্য তথ্য জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ তাদের সিস্টেম হতে API-এর মাধ্যমে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের BDRIS সিস্টেমে প্রেরণ করবে। মি: সাব্বির মাহবুব, আইটি কনসালট্যান্ট বর্ণিত সমস্যা সমাধানের জন্য একটি স্ট্যান্ডার্ড API তৈরিতে প্রয়োজনীয় সহযোগিতা করতে পারেন মর্মে সভায় আলোচনা করা হয়। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের BDRIS সিস্টেমে উক্ত BRN-এর সঠিকতা যাচাই করে সংরক্ষণের মাধ্যমে প্রয়োজনীয় Duplication চিহ্নিত করতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়। উক্ত দুই সিস্টেমের মধ্যে বর্তমানে চলমান API-এর সংশোধন প্রয়োজন হলে তা সংশ্লিষ্ট দপ্তর দুইটি নিজেদের মধ্যে আলোচনাক্রমে সমাধান করবে মর্মে সভায় গুরুত্বারোপ করা হয়।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের Establishing Digital Connectivity (EDC) প্রকল্পের মাধ্যমে বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত 'বন্ধন' নামে একটি সফটওয়্যার তৈরি করা হয়েছে। আবার আইন ও বিচার বিভাগ কর্তৃক বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত একটি প্রকল্প অনুমোদনের নিমিত্ত পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে। উক্ত প্রকল্পেও একই ধরনের সফটওয়্যার তৈরির জন্য বাজেট বরাদ্দ রাখা হয়েছে মর্মে জানা যায়। বন্ধন সফটওয়্যারটির বিষয়ে অবহিতকরণের নিমিত্ত প্রায় দুই মাস পূর্বে আইন ও বিচার বিভাগসহ সংশ্লিষ্টদের নিয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক একটি সভা আহ্বান করা হয়েছিল। উক্ত সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় জানিয়েছিলেন যে বন্ধন সফটওয়্যার গ্রহণের বিষয়ে ডিও লেটারের মাধ্যমে আইন ও বিচার বিভাগকে অবহিত করা হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে

আইন ও বিচার বিভাগে ডিও লেটারের মাধ্যমে বন্ধন সফটওয়্যার গ্রহণের বিষয়ে অবহিতকরণের পর বর্ণিত দুই বিভাগের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে তা হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় গুরুত্বারোপ করা হয়। সমঝোতা স্মারক স্বাক্ষরের পূর্বে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে একটি কর্মশালা আয়োজনের বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের Establishing Digital Connectivity (EDC) প্রকল্প প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সভায় আলোচনা করা হয়।

**০৫। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

**সিদ্ধান্ত: ৫.১।** এনআইডি সিস্টেমে জন্ম ও মৃত্যু নিবন্ধনে ব্যবহৃত ইউনিক আইডি-এর সঙ্গে Birth Registration Number (BRN)-এর Synchronization করার জন্য আগামী ১৫ দিনের মধ্যে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করবে:

**ক)** বর্তমান সময় পর্যন্ত যত সংখ্যক ব্যক্তির জন্ম নিবন্ধনে ইউনিক আইডি ব্যবহার এবং প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থীদের প্রদান করা হয়েছে তাদের সকলের Birth Registration Number (BRN)-সহ অন্যান্য প্রয়োজনীয় তথ্য BDRIS সিস্টেম থেকে Application Programming Interface (API) অথবা অন্য কোন মাধ্যমে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের এনআইডি সিস্টেমে প্রেরণ করবে।

**খ)** এনআইডি সিস্টেম থেকে প্রাপ্ত ব্যক্তি/শিশু/শিক্ষার্থীদের বাবা-মায়ের এনআইডি নম্বরসহ অন্যান্য তথ্য API অথবা অন্য কোন মাধ্যমে BDRIS সিস্টেমে সংরক্ষণ করবে।

**গ)** এনআইডি সিস্টেম থেকে নতুন ইউনিক আইডি নেওয়ার সময় অবশ্যই ব্যক্তি/শিশু/শিক্ষার্থীদের Birth Registration Number (BRN) API-এর মাধ্যমে তাদের সিস্টেমে প্রেরণ করবে।

**সিদ্ধান্ত: ৫.২।** এনআইডি সিস্টেমে নাগরিকের এনআইডি/ইউনিক আইডি-এর সঙ্গে যাদের BRN সংরক্ষিত আছে তাদের তথ্যের Synchronization-এর জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এবং নির্বাচন কমিশনের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করবে:

**ক)** এনআইডি সিস্টেমে নাগরিকের এনআইডি/ইউনিক আইডি-এর সঙ্গে যাদের BRN সংরক্ষিত আছে তাদের BRN-সহ প্রয়োজনীয় তথ্য জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ তাদের সিস্টেম হতে API-এর মাধ্যমে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যলয়ের BDRIS সিস্টেমে প্রেরণ করবে।

**খ)** BDRIS সিস্টেম এনআইডি সিস্টেম হতে প্রাপ্ত BRN-এর সঠিকতা যাচাই করে BDRIS সিস্টেমে সংরক্ষণের ব্যবস্থা করবে।

**গ)** বর্ণিত সমস্যা সমাধানের জন্য একটি স্ট্যান্ডার্ড API তৈরিতে মি: সাব্বির মাহবুব, আইটি কনসালট্যান্ট, এটুআই প্রয়োজনীয় সহযোগিতা করবেন।

**সিদ্ধান্ত: ৫.৩।**

**ক)** Establishing Digital Connectivity (EDC) প্রকল্পের মাধ্যমে বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত 'বন্ধন' নামে তৈরিকৃত সফটওয়্যার গ্রহণের বিষয়টি ডিও লেটারের মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ আইন ও বিচার বিভাগকে অবহিত করবে।

**খ)** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং আইন ও বিচার বিভাগের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে তা হস্তান্তরের বিষয়ে বর্ণিত দুই বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**গ)** উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষরের পূর্বে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে একটি কর্মশালা আয়োজনের বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের Establishing Digital Connectivity (EDC) প্রকল্প প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**০৬।** পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২৫/৩/২০২৫

মোঃ সামসুল আরেফিন
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ